বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

**নির্বাচন অগ্রাধিকার**
অতীব জরুরী

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০১১.২০(অংশ-১)-৪০৫

তারিখ: ২৪ কার্তিক ১৪২৭
০৯ নভেম্বর ২০২০

**বিষয়: পৌরসভা নির্বাচনের ''কর্ম পরিকল্পনা'' প্রেরণ**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, পৌরসভা নির্বাচন উপলক্ষে প্রাক নির্বাচন ও তফসিল ঘোষণার পর পর প্রয়োজনীয় কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে একটি প্রাথমিক কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)। উল্লিখিত কর্মপরিকল্পনায় নির্বাচন কমিশন সচিবালয়ের বিভিন্ন অনুবিভাগ, অধিশাখা ও শাখা এবং নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট বা বিভিন্ন পর্যায়ের নির্বাচন কর্মকর্তাকে নির্দিষ্ট করে দেয়া হয়েছে। কোন কোন কার্যক্রম গ্রহণের জন্য নির্বাচন পরিচালনা-২ অধিশাখা বা অন্য কোন অধিশাখা/শাখা উল্লেখ থাকলেও সময়ে সময়ে এর সমন্বয় এবং অগ্রগতি পর্যালোচনার জন্য অন্যান্য অধিশাখা/শাখা বা অনুশাখার সহায়তার প্রয়োজন হবে। আবার কোন কোন কার্যক্রম গ্রহণের লক্ষ্যে রিটার্নিং অফিসার বা মাঠ পর্যায়ের জেলা নির্বাচন অফিস বা উপজেলা নির্বাচন অফিস অথবা অন্য কোন অফিস বা কর্তৃপক্ষ উল্লেখ না থাকলেও নির্বাচন কমিশন সচিবালয়ের সংশ্লিষ্ট অধিশাখা/শাখা তাদের সাথে যোগাযোগ ও সমন্বয় করে কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজন হবে। অতীতের অভিজ্ঞতা হতে এবং নির্বাচন ব্যবস্থাপনা-২ অনুবিভাগের সাথে যোগাযোগ সাধন করে সংশ্লিষ্ট অধিশাখা, শাখা ও অনুশাখাকে তাদের দায়িত্ব পালন করার নির্দেশনা দেয়া হয়েছে।

২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

সংলগ্নী: উপরে বর্ণিত

০৯/১১/2020

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩. প্রকল্প পরিচালক, ইভিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৬. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. উপ-প্রধান, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. পরিচালক (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. সিনিয়র/সিস্টেম এনালিস্ট, (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. সিনিয়র সহকারী সচিব/উপ-পরিচালক/প্রোগ্রামার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. সহকারী সচিব/সহকারি পরিচালক /সহকারী পরিচালক (জনসংযোগ)/সহকারী প্রোগ্রামার/লাইব্রেরীয়ান/হিসাব রক্ষণ কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

Forwarding-Poura-Pre Election Checklist-2020-38_1

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০১১.২০ (অংশ-১)-৪০৫

তারিখ: ২৪ কার্তিক ১৪২৭
০৯ নভেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২. মাননীয় নির্বাচন কমিশনার, জনাব ....................................................................... এর একান্ত সচিব (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগিতর জন্য)

৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

৪. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

09/11/2020

(মোহাম্মদ মোরশেদ আলম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১
ফোন: ৫৫০০৭৬১০ (অফিস)।

| ক্রমিক | কার্যাদি সম্পাদন | কার্যাদির খসড়া বিবরণ | বাস্তবায়নে | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| **৯। ফলাফল প্রদর্শন, প্রচার ও প্রকাশ বিষয়ক ব্যবস্থা গ্রহণ** | | | | | |
| ৯.১ | মধ্য নভেম্বর/২০২০ | CIMS এর মাধ্যমে সংগৃহিত প্রার্থীর হলফনামার তথ্য ইন্ট্রানাল ও ওয়েবসাইটে প্রচার ম্যানু/লিংক স্থাপন এবং অন্যান্য ব্যবস্থা গ্রহণ | আইসিটি অনুবিভাগ | | প্রার্থীতা প্রত্যাহারের পরদিন প্রচার |
| **১০। আন্তঃমন্ত্রণালয় সংক্রান্ত কার্যক্রম** | | | | | |
| ১০.১ | মধ্য নভেম্বর/২০২০ | ঋণ খেলাপী সংক্রান্ত তথ্য সংগ্রহ, ভোটকেন্দ্র হতে পোস্ট অফিসের মাধ্যমে বিশেষ খামে নির্বাচন কমিশনে ভোটগণনার বিবরণী প্রেরণ, এক্সিকিউটিভ ও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ ইত্যাদি কার্যক্রমের প্রস্তাবনা প্রস্তুতের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় যোগাযোগ ও প্রয়োজনে সভা অনুষ্ঠান এবং নির্বাচনি ট্রাইব্যুনাল গঠনের প্রস্তাবনা প্রণয়ন | নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা এবং আইন অধিশাখা | | সকল সভা অনুষ্ঠানের জন্য লজিস্টিক সাপোর্ট প্রদান করবে সাধারণ অধিশাখা |
| **১১। নির্বাচনের জন্য জনবল ও প্রশাসনিক ব্যবস্থা** | | | | | |
| ১১.১ | মধ্য নভেম্বর/২০২০ | নির্বাচনের প্রস্তুতি ও পরিচালনার জন্য জনবলের সংখ্যা নিরুপণ এবং পদায়ন/সংযুক্তির জন্য আদেশ প্রদান | নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা | | নির্বাচন ব্যবস্থাপনা অনুবিভাগ প্রয়োজন অনুসারে জনবল ব্যবস্থাপনা অধিশাখার ব্যবস্থা গ্রহণ করবে |
| ১১.২ | ঐ | ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রাথমিক প্যানেল প্রস্তুতের লক্ষ্যে নীতিমালা প্রণয়নের জন্য প্রস্তাব উপস্থাপন | নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা | | |
| ১১.৩ | তফসিল ঘোষণার পর পর | ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রাথমিক প্যানেল প্রস্তুতের লক্ষ্যে বিভিন্ন অফিস/প্রতিষ্ঠান হতে কর্মকর্তা-কর্মচারির তালিকা সংগ্রহের লক্ষ্যে নির্দেশনা জারি | নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা | | সময়সূচি জারির পরের দিন রিটার্নিং অফিসার প্যানেল চূড়ান্ত করবেন |
| ১১.৪ | ঐ | সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন এবং অফিস সময়ের পর অফিসে উপস্থিত থেকে নির্ধারিত দায়িত্ব পালনের লক্ষ্যে অফিস আদেশ জারি করার জন্য জনবল ব্যবস্থাপনা অধিশাখাকে নির্দেশনা প্রদান | নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা | | নির্বাচন পরিচালনা অধিশাখা কর্তৃক উপস্থাপিত ও অনুমোদিত প্রস্তাবের আলোকে জনবল ব্যবস্থাপনা আদেশ জারি করবে |
| ১১.৫ | তফসিল ঘোষণার এক সপ্তাহ পর | প্যানেলভুক্ত কর্মকর্তা-কর্মচারিদের মধ্য হতে ভোটকেন্দ্র ও ভোটকক্ষের সংখ্যার ভিত্তিতে ভোটগ্রহণ কর্মকর্তা ও অন্যান্য কর্মকর্তা নির্ধারণ করার পর রিটার্নিং অফিসারের নিকট হতে তথ্য সংগ্রহ | ঐ | | প্রশিক্ষণ প্রদানের সুবিধার্থে ভোটগ্রহণের ১০ দিন পূর্বে নিয়োগদান সম্পন্ন করতে হবে। |
| **১২। আইনশৃঙ্খলা বিষয়ক কার্যক্রম** | | | | | |
| ১২.১ | তফসিল ঘোষণার ১০ দিন পর | ভোটকেন্দ্র ও নির্বাচনি এলাকার আইনশৃঙ্খলা রক্ষা বিষয়ক প্রস্তাবনা এবং সভা অনুষ্ঠানের পরিকল্পনা প্রস্তুত | নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা | | |
| ১২.২ | ঐ | বৈধ অস্ত্র ব্যবহার , অবৈধ অস্ত্র উদ্ধার, বিভিন্ন বাহিনী মোতায়েন, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ ও বিভিন্ন কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান সংক্রান্ত প্রস্তাব কমিশনে উপস্থাপন | নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ | | কার্যক্রম গ্রহণ তফসিল ঘোষণার পর পর |
| ১২.৩ | ঐ | আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মোতায়েন, সার্বিক নিরাপত্তা পরিকল্পনা গ্রহণ ইত্যাদি বিষয়ক জননিরাপত্তা বিভাগ হতে পরিপত্র জারির জন্য প্রাথমিক তথ্য প্রদান | ঐ | | আইন-শৃঙ্খলা বিষয়ক সভা অনুষ্ঠানোত্তর নির্বাচন কমিশন কর্তৃক ভেটিং এর পর পরিপত্র চূড়ান্ত |

| ক্রমিক | কার্যাদি সম্পাদন | কার্যাদির খসড়া বিবরণ | বাস্তবায়নে | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১২.৪ | ঐ | সময়সূচি ঘোষণার পর মাঠ পর্যায়ে আইনশৃঙ্খলা পরিস্থিতি কাঙ্খিত পর্যায়ে রাখার জন্য বিভিন্ন কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান সংক্রান্ত প্রস্তাব কমিশনে উপস্থাপন | ঐ | | নির্দেশনা জারী তফসিল ঘোষণার পর |
| **১৩। প্রশিক্ষণ/ব্রিফিং** | | | | | |
| ১৩.১ | নভেম্বর/২০২০ প্রথম সপ্তাহ | প্রশিক্ষণ/ব্রিফিং এর কর্মসূচি ও মডিউল প্রণয়ন | নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট | | |
| ১৩.২ | ঐ | TOT প্রদানের প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন এবং প্রশিক্ষণ প্রদান | ঐ | | |
| ১৩.৩ | মধ্য নভেম্বর/২০২০ | ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের জন্য প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন | ঐ | | |
| ১৩.৪ | ঐ | পোলিং এজেন্টদের প্রশিক্ষণ (মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত প্রদান সাপেক্ষে) লক্ষ্যে মাস্টার ট্রেইনারদের প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন | ঐ | | |
| ১৩.৫ | ঐ | আইনশৃঙ্খলা রক্ষাকারী সংশ্লিষ্টদের প্রশিক্ষণ/ ব্রিফিং (মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত প্রদান সাপেক্ষে) এর পরিকল্পনা প্রণয়ন | ঐ | | রিটার্নিং অফিসার, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা এবং জেলা নির্বাচন কর্মকর্তা, প্রয়োজনে সংশ্লিষ্ট স্থানীয় প্রশাসন, পুলিশ বাহিনী বা অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ভোটগ্রহণের ন্যূনপক্ষে ২-৩ দিন পূর্বে প্রশিক্ষণ আয়োজন করবেন। |
| ১৩.৬ | ঐ | জেলা পর্যায়ে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের ব্রিফিং এর পরিকল্পনা প্রণয়ন | ঐ | | |
| ১৩.৭ | ঐ | জেলা পর্যায়ে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণের ব্রিফিং (মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত প্রদান সাপেক্ষে) এর পরিকল্পনা প্রণয়ন | ঐ | | |
| ১৩.৮ | ঐ | মাঠ পর্যায়ে প্রশিক্ষণ উপকরণ প্রেরণের পরিকল্পনা প্রণয়ন | নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট | | সময়সূচি ঘোষণার পর ক্রয় ও মুদ্রণ শাখা প্রেরণ করবে। |
| ১৩.৯ | তফসিল ঘোষণার পর পর | সকল প্রশিক্ষণ পরিকল্পনা ও প্রশিক্ষণ বাজেট অনুমোদনের জন্য উপস্থাপন | নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ | | |
| **১৪। প্রচার, উদ্বুদ্ধকরণ ও সচেতনতামূলক কার্যক্রম** | | | | | |
| ১৪.১ | নভেম্বর/২০২০ এর প্রথম সপ্তাহ | গণমাধ্যমে প্রচারের জন্য বিভিন্ন প্রচার সামগ্রী প্রস্তুত, সভা অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহণ | জন সংযোগ অধিশাখা | | প্রস্তুত ও কমিশনের অনুমোদন গ্রহণ- তফসিল ঘোষণার পর হতে প্রচার শুরু |
| ১৪.২ | ঐ | এসএমএস এর মাধ্যমে নির্বাচনি প্রচারণামূলক কার্যক্রম বিষয়ক প্রস্তাবনা প্রস্তুত | জনসংযোগ ও আইটি শাখা | | সময়সূচি ঘোষণার ০৭ দিনের মধ্যে |
| ১৪.৩ | ঐ | এসএমএস এর মাধ্যমে ভোটারগণকে ভোটার নম্বর ও ভোটকেন্দ্র সম্পর্কিত তথ্য অবহিত করার লক্ষ্যে প্রস্তাবনা প্রণয়ন | ঐ | | ভোটগ্রহণের ২৫দিন পূর্ব হতে |
| ১৪.৪ | নভেম্বর/২০২০ এর প্রথম সপ্তাহ | মনোনয়নপূরণ সংক্রান্ত Audio Visual শর্ট ফিল্ম ওয়েবসাইটে আপলোডকরণ (মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত প্রদান সাপেক্ষে) | জনসংযোগ ও আইটি শাখা | | |

# পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে প্রাথমিক কর্মপরিকল্পনা

**প্রাক নির্বাচন ও তফসিল ঘোষণার পর পর সম্পাদিতব্য কার্যক্রম**

| ক্রমিক | কার্যাদি সম্পাদন | কার্যাদির খসড়া বিবরণ | বাস্তবায়নে | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | **১। ভোটার তালিকা** | | | |
| ১.১ | অক্টোবর/২০২০ শেষ সপ্তাহ | ভোটার তালিকা পুনঃবিন্যাস, হালনাগাদকরণ ও ভোটার এলাকাভিত্তিক যাচাইকরণ | নির্বাচন সহায়তা ও সরবরাহ অধিশাখা | | |
| ১.২ | নভেম্বর/২০২০ প্রথম সপ্তাহ | পৌরসভাভিত্তিক ভোটার তালিকার সিডি প্রস্তুত | জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ এবং নির্বাচন সহায়তা ও সরবরাহ অধিশাখা | | |
| ১.৩ | ঐ | মনোনয়নপত্রের সাথে সম্ভাব্য প্রার্থীদের জন্য নির্বাচনি এলাকাভিত্তিক ছবিছাড়া ভোটার তালিকার সিডি প্রস্তুত সম্পন্নকরণ | ঐ | | |
| ১.৪ | মধ্য নভেম্বর/২০২০ | ছবিসহ ও ছবিছাড়া ভোটার তালিকার প্রয়োজনীয় সংখ্যক কপি মুদ্রণ/কপি করার পরিকল্পনা প্রস্তাবনা প্রণয়ন | ঐ | | |
| | | **২। নির্বাচন পর্যবেক্ষক নিয়োগ সংক্রান্ত** | | | |
| ২.১ | মধ্য নভেম্বর/২০২০ | পর্যবেক্ষকদের জন্য বিদ্যমান নীতিমালা পুনঃপরীক্ষা, প্রয়োজনে সংশোধন | জনসংযোগ অধিশাখা | | |
| ২.২ | ঐ | সাংবাদিক ও পর্যবেক্ষকদের পরিচয়পত্র ইস্যু ও এতদ্‌বিষয়ক কার্যক্রমের প্রস্তাবনা প্রণয়ন | ঐ | | |
| ২.৩ | ঐ | সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন প্রচার মাধ্যমে নির্বাচনি প্রচারের বিষয়ে তথ্য মন্ত্রণালয়, আইসিটি মন্ত্রণালয় টিএন্ডটি, বিটিআরসি এবং বিভিন্ন মোবাইল অপারেটর কোম্পানীর সাথে সভা অনুষ্ঠানের পরিকল্পনা প্রণয়ন | জনসংযোগ অধিশাখা ও সাধারণ অধিশাখা | | |
| | | **৩। নির্বাচনি বাজেট প্রস্তুত ও বাজেট বরাদ্দ সংক্রান্ত কার্যক্রম** | | | |
| ৩.১ | নভেম্বর/২০২০ প্রথম সপ্তাহ | নির্বাচনি ব্যয় প্রাক্কলন ও বাজেট প্রস্তুত ও বিভাজন সম্পন্ন | বাজেট ও অর্থ শাখা | ৩ দিন | |
| ৩.২ | নভেম্বর/২০২০ এর দ্বিতীয় সপ্তাহ | খাতভিত্তিক ও দফাওয়ারী অর্থ বরাদ্দের হার নির্ধারণ, বিভাজন তালিকা প্রস্তুত এবং দুর্গম ও বিশেষ এলাকা চিহ্নিতকরণ ও তদানুযায়ী অর্থ বরাদ্দের প্রস্তাবনা প্রণয়ন | ঐ | | |
| ৩.৩ | ঐ | প্রস্তুতকৃত খাতভিত্তিক হারসহ দফাওয়ারী বিভাজন তালিকা কমিশন কর্তৃক অনুমোদন | ঐ | | মাঠ পর্যায়ে অর্থ বরাদ্দ:<br>১ম বরাদ্দ- সময়সূচি ঘোষণার এক সপ্তাহপর<br>২য় বরাদ্দ- প্রার্থিতা প্রত্যাহারের পরের দিন |
| ৩.৪ | ঐ | নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য প্রাথমিক পর্যায়ে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের প্রস্তাবনা প্রণয়ন | ঐ | | |
| ৩.৫ | ঐ | নির্বাচনের ব্যয় নির্বাহের জন্য মাঠ পর্যায়ে অর্থ বরাদ্দ প্রদানের জন্য প্রস্তাবনা প্রণয়ন | ঐ | | |
| ৩.৬ | নভেম্বর/২০২০ শেষার্ধ | নির্বাচনের ব্যয় নির্বাহের জন্য আইনশৃঙ্খলা বাহিনীর অনুকূলে অর্থ বরাদ্দের জন্য প্রস্তাবনা প্রণয়ন | বাজেট ও অর্থ শাখা | | |
| | | **৪। ফরম প্যাকেট মুদ্রণ ও প্রেরণ** | | | |
| ৪.১ | নভেম্বর/২০২০ প্রথম সপ্তাহ | বিভিন্ন ফরম, প্যাকেট ও বিভিন্ন নির্বাচনি মুদ্রণ সামগ্রীর পরিমাণ নিরূপণ এবং মুদ্রণের ব্যবস্থা গ্রহণ | ক্রয় ও মুদ্রণ শাখা | | |

| ক্রমিক | কার্যাদি সম্পাদন | কার্যাদির খসড়া বিবরণ | বাস্তবায়নে | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪.২ | নভেম্বর/২০২০ প্রথম সপ্তাহ | নির্বাচনে ব্যবহৃত সকল ফরম, প্যাকেট মুদ্রণ সম্পন্নকরণ | ঐ | | |
| ৪.৩ | ঐ | ব্যালট বাক্স, লকসহ বিদ্যমান নির্বাচনি দ্রব্যাদির মজুদ পরীক্ষা করে অবহিত করার জন্য জেলা নির্বাচন অফিসারদের নির্দেশনা প্রদান | নির্বাঃ পরিচালনা-১ অধিশাখা | | |
| ৪.৪ | ঐ | বিভিন্ন প্রকার ফরম, প্যাকেট ও মুদ্রণ সামগ্রীর চূড়ান্ত পরিমাণ নিরূপণ | নির্বাঃ পরিচালনা-১ অধিশাখা | | |
| ৪.৫ | তফসিল ঘোষণার ২/৩দিন পূর্বে | মনোনয়নপত্র দাখিল সংশ্লিষ্ট এবং প্রাথমিক পর্যায়ের বিভিন্ন ফরম প্যাকেট ও অন্যান্য দ্রব্যাদি মাঠ পর্যায়ে প্রেরণ | ক্রয় ও মুদ্রণ শাখা | | গভর্মেন্ট প্রিন্টিং প্রেস বা অন্য মুদ্রণালয় হতে প্রেরণ |
| | | **৫। নির্বাচনি দ্রব্যাদি সংগ্রহ** | | | |
| ৫.১ | নভেম্বর/২০২০ প্রথম সপ্তাহ | ইভিএম ও আনুষাঙ্গিক সরঞ্জামাদি এবং নির্বাচনি মালামাল মজুদের পরিমাণ ও চাহিদা এবং ক্রয়যোগ্য মালামালের পরিমাণ নিরুপণ এবং ক্রয়ের ব্যবস্থাকরণ | ইভিএম প্রকল্প/এনআইডি এবং ক্রয় ও মুদ্রণ শাখা/সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তা | | |
| ৫.২ | ঐ | গানিব্যাগ ও হেসিয়ান ব্যাগ সংগ্রহ | ক্রয় ও মুদ্রণ শাখা | | |
| ৫.৩ | ঐ | বিভিন্ন নির্বাচনি দ্রব্যাদি যেমন- স্ট্যাম্প প্যাড, মার্কিং সিল, ব্রাস সিল, অফিসিয়াল সিল, গালা ইত্যাদি ক্রয়/সংগ্রহ সম্পন্ন | ঐ | | |
| | | **৬। নির্বাচনি দ্রব্যাদি ব্যবহার উপযোগীকরণ** | | | |
| ৬.১ | নভেম্বর/২০২০ প্রথম সপ্তাহ | ভোটগ্রহণের জন্য প্রয়োজনীয় সংখ্যক ইভিএম উপযোগীকরণ এবং ক্ষেত্র বিশেষে ব্যালট বাক্স পুনরায় যাচাই এবং ব্যবহারের জন্য প্রস্তুত রাখা | ইভিএম প্রকল্প/এনআইডি এবং ক্রয় ও মুদ্রণ শাখা/সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তা | | |
| | | **৭। ভোটকেন্দ্র** | | | |
| ৭.১ | নভেম্বর/২০২০ প্রথম সপ্তাহ | প্রাথমিক ভোটকেন্দ্র নির্ধারণ, দাবী আপত্তি গ্রহণ ও চূড়ান্তকরণের নির্দেশনা/পরিপত্র প্রস্তুত | নিঃ সহায়তা-১ শাখা | | |
| ৭.২ | ঐ | ভোটকেন্দ্র স্থাপনের সম্ভাব্য প্রতিষ্ঠানের সংস্কার এবং অবকাঠামোগত কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান | নির্বাচন সহায়তা-১ | | |
| ৭.৩ | সময়সূচি ঘোষণার ৫ দিন পূর্বে | মাঠ পর্যায় থেকে ভোটকেন্দ্রের তালিকা কমিশনের অনুমোদনের জন্য প্রেরণের নির্দেশনা প্রণয়ন | ঐ | | |
| | | **৮। বিভিন্ন প্রকার ম্যানুয়েল ও নির্দেশিকা প্রণয়ন** | | | |
| ৮.১ | নভেম্বর/২০২০ প্রথম সপ্তাহ | নির্বাচন পরিচালনা সংক্রান্ত বিভিন্ন প্রকার ম্যানুয়েল ও নির্দেশিকা প্রণয়ন | সংশ্লিষ্ট কমিটি | ৭দিন | |
| ৮.২ | তফসিল ঘোষণার ৪/৫ দিন পূর্বে | বিভিন্ন প্রকার ম্যানুয়েল ও নির্দেশিকা মুদ্রণের মুদ্রণাদেশ প্রদান | ক্রয় ও মুদ্রণ শাখা | | |
| ৮.৩ | ঐ | প্রশিক্ষণ নির্দেশিকা মুদ্রণ সম্পন্নকরণ ও প্রশিক্ষণে ব্যবহারের জন্য নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউটে প্রেরণ | ঐ | | |
| ৮.৪ | তফসিল ঘোষণার ২/৩ দিন পূর্বে | ম্যানুয়েল মুদ্রণ সম্পন্নকরণ ও রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ | ক্রয় ও মুদ্রণ শাখা | | |

| ক্রমিক | কার্যাদি সম্পাদন | কার্যাদির খসড়া বিবরণ | বাস্তবায়নে | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| **১৫। টেলিযোগাযোগ ব্যবস্থা সুসংহতকরণ** | | | | | |
| ১৫.১ | নভেম্বর/২০২০ এর প্রথম সপ্তাহ | নির্বাচন সংশ্লিষ্ট টেলিফোন সংযোগ ত্রুটিমুক্তকরণ এবং নতুন টেলিফোন লাইন সংযোগ ও টেলিফোন নির্দেশিকা প্রণয়ন | সাধারণ সেবা অধিশাখা | | |
| **১৬। বেসরকারি প্রাথমিক ফলাফল প্রচার সংক্রান্ত কার্যাবলী** | | | | | |
| ১৬.১ | মধ্য নভেম্বর/২০২০ | বেসরকারি প্রাথমিক ফলাফল প্রচারের বিষয়ে বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে সভা অনুষ্ঠান এবং অন্যান্য ব্যবস্থা গ্রহণের পরিকল্পনা গ্রহণ | ঐ | | ভোটগ্রহণের ১৫ দিন পূর্বে সভা অনুষ্ঠান |
| **১৭। ইলেকট্রনিক ভোটিং মেশিন সংক্রান্ত** | | | | | |
| ১৭.১ | নভেম্বর/২০২০ এর প্রথম সপ্তাহ | ইভিএম এর গঠন, ব্যবহার ও সংরক্ষণ এবং ইভিএমের মাধ্যমে ভোটগ্রহণ বিষয়ক নির্বাচন কর্মকর্তাদের প্রশিক্ষণ ও ইভিএম সংক্রান্ত অন্যান্য নির্দেশিকা, লিফলেট প্রস্তুতকরণ | ইটিআই ও আইডিয়া প্রকল্প | | |
| ১৭.২ | ঐ | ইলেকট্রনিক ভোটিং মেশিন প্রস্তুতকরণ ও ব্যবহার উপযোগিকরণ | আইসিটি অনুবিভাগ | | |
| ১৭.৩ | ঐ | ইলেকট্রনিক ভোটিং মেশিন ব্যবহার এবং এর উপযোগিতা সংক্রান্ত প্রচারণার জন্য পরিকল্পনা গ্রহণ | আইসিটি অনুবিভাগ ও জনসংযোগ অধিশাখা | | ইভিএম সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের প্রেক্ষিতে সময়সূচি জারির পর প্রচারণা শুরু |
| ১৭.৪ | মধ্য নভেম্বর/২০২০ | ইভিএমের মাধ্যমে ভোটগ্রহণ বিষয়ক মকভোটিং, প্রদর্শনী এবং এ সংক্রান্ত অন্যান্য কার্যক্রমের পরিকল্পনা গ্রহণ | আইসিটি অনুবিভাগ | | মাঠ পর্যায়ে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা কার্যক্রম গ্রহণ করবেন |
| **১৮। ইলেকট্রনিক পদ্ধতিতে ভোটকেন্দ্র ও নির্বাচনি এলাকার পরিস্থিতি প্রতিবেদন সংগ্রহ** | | | | | |
| ১৮.১ | নভেম্বর/২০২০ এর প্রথম সপ্তাহ | প্রিজাইডিং অফিসারের নিকট হতে মোবাইল এসএমএস এর মাধ্যমে ইন্ট্রানেটে ভোটকেন্দ্র ও এলাকার সার্বিক পরিস্থিতি সম্পর্কে অবহিত হওয়ার জন্য সফটওয়্যার উপযোগীকরণ | আইসিটি অনুবিভাগ | | |
| **১৯। আইসিটি সহায়তা সংক্রান্ত** | | | | | |
| ১৯.১ | নভেম্বর/২০২০ এর প্রথম সপ্তাহ | অনলাইনে মনোনয়নপত্র দাখিল করার প্রয়োজনীয় সফটওয়্যার প্রস্তুত এবং ওয়েবসাইটে সংযোজন | আইসিটি অনুবিভাগ | | |
| ১৯.২ | ঐ | EMS, CIMS, RMS এবং নির্বাচন ব্যবস্থাপনা সংক্রান্ত সকল সফটওয়্যার/ প্রোগ্রাম প্রস্তুত ও ব্যবহার উপযোগীকরণ | আইসিটি অনুবিভাগ | | |
| ১৯.৩ | মধ্য নভেম্বর/২০২০ | নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয় সমূহে ব্যবহার অনুপযোগী ল্যাপটপ, ডেস্কটপ, প্রিন্টার, ফটোকপিয়ার ইত্যাদি আইসিটি মালামাল পরিবর্তন, মেরামত/ক্রয় ইত্যাদি কার্যক্রম সম্পন্নকরণ | আইসিটি অনুবিভাগ ও সধারণ অধিশাখা | | |

| ক্রমিক | কার্যাদি সম্পাদন | কার্যাদির খসড়া বিবরণ | বাস্তবায়নে | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | **২০। অন্যান্য** | | | |
| ২০.১ | মধ্য নভেম্বর/২০২০ | হেলিকপ্টার সহায়তার প্রয়োজন হবে এমন ভোটকেন্দ্র বাছাই করে সম্ভাব্য কেন্দ্র, কক্ষ সংখ্যা, নিকটবর্তী হেলিসট, যাত্রা শুরু ও শেষ এবং প্রাসংগিক অন্যান্য তথ্য জানানোর জন্য জেলা নির্বাচন অফিসার, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়িকে নির্দেশ প্রদান | নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা | | |
| ২০.২ | মধ্য নভেম্বর/২০২০ | নিকটবর্তী হেলিসটি নির্দিষ্ট করতঃ সম্ভাব্য ভোটকেন্দ্র ও কক্ষ সংখ্যার ভিত্তিতে যাতায়াতের জন্য ভোটগ্রহণ কর্মকর্তা নির্ধারণ করে হেলিকপ্টার সহায়তা সংক্রান্ত প্রস্তাবনা প্রস্তুত | | | |